

এক নারীর স্বামী জেলখানায় ছিলেন। সংসারে ছিল চরম অভাব। বাধ্য হয়ে তিনি তাঁর ছোট সন্তানকে নিয়ে বাবার বাড়িতে আশ্রয় নিয়েছিলেন।

এমন সময় ছোট্ট সন্তানটি মারাত্মক অসুস্থ হয়ে পড়ে। প্রচণ্ড জ্বরে শিশুটির শরীর পুড়ে যাচ্ছিল। কিন্তু চিকিৎসা করানোর মতো সামান্য অর্থও তাদের কাছে ছিল না।

অসহায় মা সারারাত সন্তানের পাশে বসে কাঁদছিলেন। কখনো মাথায় পানি দিচ্ছিলেন, কখনো চোখের পানি ফেলতে ফেলতে আল্লাহর কাছে দোয়া করছিলেন,

*“ইয়া রব! আপনি ছাড়া আমাদের আর কেউ নেই!”*

গভীর রাত। চারদিকে নিস্তন্ধতা। হঠাৎ দরজায় কড়া নাড়ার শব্দ হলো। দরজা খুলে সবাই অবাক, একজন ডাক্তার দাঁড়িয়ে আছেন!

পরিবারের লোকেরা ভাবল, হয়তো কোনোভাবে সাহায্য এসে গেছে। ডাক্তারকে ভেতরে আনা হলো। তিনি শিশুটিকে পরীক্ষা করলেন, প্রয়োজনীয় ওষুধ লিখে দিলেন।

সবশেষে ডাক্তার স্বাভাবিকভাবেই ভিজিট চাইলেন। এবার পরিবারের সবাই অস্বস্তিতে পড়ে গেল। সবাই অসহায় হয়ে বলল,

*“আল্লাহর কসম, আমাদের কাছে আপনাকে দেওয়ার মতো কোনো টাকা নেই!”*

ডাক্তার বিস্মিত হয়ে বললেন, *“তাহলে আমাকে এই গভীর রাতে ডেকে পাঠালেন কেন?”*

পরিবারও বিস্ময়ে বলল, *“আমরা তো আপনাকে ডাকিইনি! আপনাকে দেখে আমরাও অবাক হয়েছি!”*

ডাক্তার একটু থেমে জিজ্ঞেস করলেন, *“এটা কি অমুক ব্যক্তির বাড়ি নয়?”*

তারা বলল, *“না, সেটা উপরের তলায়!”*

ডাক্তার মুহূর্তেই সব বুঝে গেলেন।

তিনি ভুল ঠিকানায় এসেছেন, কিন্তু এটা কি সত্যিই ভুল ছিল? হয়তো না।

তার মনে গভীরভাবে নাড়া দিল যে, আল্লাহ তা'আলাই তাঁকে এখানে নিয়ে এসেছেন।

এক অসহায় মায়ের চোখের পানি, রাতভর করা দোয়া সম্ভবত আসমানে পৌঁছে গিয়েছিল।

ডাক্তারের মন নরম হয়ে গেল। তিনি শুধু চিকিৎসা করেই থামলেন না; নিজের টাকায় ওষুধ কিনে দিলেন।

এমনকি শিশুর বাবা জেল থেকে ছাড়া পাওয়া পর্যন্ত পরিবারের খরচের জন্য মাসিক সাহায্যের ব্যবস্থাও করে দিলেন।

মানুষ যখন সব দরজা বন্ধ দেখে আন্তরিকভাবে আল্লাহকে ডাকে, তখন আল্লাহ এমন দরজা খুলে দেন যা মানুষের কল্পনারও বাইরে।

আমরা যেটাকে অনেক সময় “ভুল” মনে করি, সেটি হয়তো আল্লাহর নিখুঁত পরিকল্পনার অংশ।

পবিত্র কুরআনে আল্লাহ তা'আলা বলেন,

*“আর যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্য বের হওয়ার পথ তৈরি করে দেন এবং তাকে এমন উৎস থেকে রিজিক দেন, যা সে কল্পনাও করতে পারে না। আর যে আল্লাহর ওপর ভরসা করে, আল্লাহই তার জন্য যথেষ্ট।” (সূরা তালাক: ২-৩)*

কষ্ট যত গভীরই হোক, দোয়া কখনো বৃথা যায় না। আল্লাহ তা'আলা চাইলে একজন অপরিচিত মানুষকেও রহমতের উসিলা বানিয়ে দিতে পারেন।

© [Salman Farsi](#)

আরবি থেকে অনূদিত

<https://www.facebook.com/share/p/1Dmh5KbbKt/>